

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সাকুলার নং-১৯

১৬ অক্টোবর, ২০০৩  
তারিখঃ-----  
১ কার্তিক, ১৪১০

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

এলসি মার্জিন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র কার্যালয়ের ১১/১২/২০০০ইং তারিখের বিআরপিডি সাকুলার নং-১৪ এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, চাল, গম ও চিনি ব্যতীত সকল প্রকার খাদ্যদ্রব্য যথা- ডাল, খেজুর, পেঁয়াজ, মসলা ইত্যাদি আমদানীর ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে এলসি মার্জিনের হার নির্ধারণ করা যাবে। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

এলসি মার্জিন সংক্রান্ত বিষয়ে বিভিন্ন সময়ে বিআরপিডি সাকুলারের মাধ্যমে জারীকৃত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)  
উপ মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২৫৮৪৪